দৈনিক ইত্তেফাক

তারিখ 28 AUG 1992
পৃষ্ঠা ৮ কলাম ৬

20

# দরিদ্র মানুষের কল্যাণে মেধা কাজে লাগাইতে হইবে

## প্রধানমন্ত্রী

বাসস ॥ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া চার শিক্ষা বোর্ড হইতে এবারের এসএসসি পরীক্ষায় মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের জন্য গতকাল ঢাকায় ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত জাতীয় সংবর্ধনা অনুষ্ঠানে তাঁহার বক্তৃতায় পরিবর্তনশীল বিশ্বের সাথে তাল রাখিতে যথোপযুক্ত প্রযুক্তি সংগ্রহ ও উদ্ভাবনে মেধার লালন ও বিকাশের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি মেধাবী ছাত্র-ছাত্রীদের প্রতি তাহাদের মেধা যাহারা জাতি গঠনের জন্য নীরবে ক্ষেতে-খামারে কাজ

( ২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## প্রধানমন্ত্রী

( প্রথম পৃঃ পর )

করেন দেশের সেই দারিদ্র্যপীড়িত মানুষদের কল্যাণে কাজে লাগাইতে প্রস্তুত হওয়ার আহ্বান জানান। তিনি বলেন, ছাত্রছাত্রীদের এই সফলতা জাতির জন্য গর্ব। তিনি আশা করেন যে, তাহারা আগামীতে আরও সাফল্য অর্জন করিবে।

প্রধানমন্ত্রী গণশিক্ষা, প্রাথমিক শিক্ষা ও নারী শিক্ষাসহ শিক্ষা খাতে গৃহীত কর্মসূচী সম্পর্কে বিশদ বর্ণনা দিয়া বলেন, এ উদ্দেশ্যে প্রয়োজনীয় অবকাঠামো প্রস্তুত করা হইতেছে। শিক্ষাকে উৎপাদনশীল করার লক্ষ্যে বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষার উপর জোর দেওয়া হইতেছে।

তিনি সন্ত্রাস প্রতিরোধে সকলের প্রতি ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানাইয়া বলেন, অন্যথায় শিক্ষা খাতের লক্ষ্য ব্যর্থ হইবে।

প্রধানমন্ত্রী জাতির হৃত সমৃদ্ধ ঐতিহ্য পুনরুজ্জীবনে ছাত্রদের দায়িত্ব স্মরণ করাইয়া দিয়া বলেন, জাতি উচ্চ আশা ও আকাংক্ষা লইয়া তাহাদের প্রতি তাকাইয়া রহিয়াছে।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী জমিরুদ্দীন সরকার, শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যাপক মোঃ ইউনুস খান ও শিক্ষা সচিব শফিউল আলমও বক্তব্য রাখেন।

প্রধানমন্ত্রী চার শিক্ষা বোর্ডের মেধা তালিকায় বিজ্ঞান ও সমাজ বিজ্ঞানে প্রথম হইতে ২০তম স্থানের অধিকারী ছাত্রছাত্রীদের মধ্যে উপহার বিতরণ করেন। তিনি চার বোর্ডের প্রথম ও দ্বিতী স্থানপ্রাপ্ত ছাত্র ও ছাত্রীদের সাথে ছবিও তোলেন।